তারিখ 25 MAY 2010
পৃষ্ঠা ৩ কলাম ৫

দৈনিক ইত্তেফাক

# ত্রিশালে কবি নজরুলের নামে মেডিক্যাল কলেজ প্রতিষ্ঠার দাবি

■ ত্রিশাল (ময়মনসিংহ) সংবাদদাতা

কবি নজরুলের বাল্য ও কৈশোর স্মৃতিবিজড়িত ত্রিশালে কবির নামে সরকারিভাবে কবি নজরুল মেডিক্যাল কলেজ ও হাসপাতাল প্রতিষ্ঠার দাবি জোরালো হচ্ছে। কবি নজরুল মেডিক্যাল কলেজ ও হাসপাতাল বাস্তবায়ন পরিষদ ত্রিশালে মেডিক্যাল কলেজ প্রতিষ্ঠার জন্য দীর্ঘদিন যাবৎ জোর প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন। ত্রিশালবাসী তাদের সাথে সম্পূর্ণ একাত্মতা ঘোষণা করেছেন। সরকারের কাছে বৃহত্তর ময়মনসিংহের আড়াই কোটি মানুষের দীর্ঘদিনের সময়োপযোগী দাবি ত্রিশালে সরকারিভাবে কবি নজরুল মেডিক্যাল কলেজ ও হাসপাতাল প্রতিষ্ঠা করে অত্র অঞ্চলের জনমানুষের জন্য সু-চিকিৎসার দ্বার প্রসারিত করার বিষয়টি।